



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৯-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত 'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান অদ্য ০৯-০৯-২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত লীগে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে আলমগীর সমাজ কল্যাণ ও ক্রীড়া সংসদ। উক্ত চ্যাম্পিয়ন দলকে চ্যাম্পিয়ন ট্রফি ও মেডেল প্রদান করা হয়।

উক্ত লীগে রানার্স-আপ হওয়ার গৌরব অর্জন করে কিংষ্টার স্পোর্টিং ক্লাব। উক্ত রানার্স-আপ দলকে ট্রফি ও মেডেল প্রদান করা হয়। এছাড়াও উক্ত লীগে তৃতীয় স্থান অর্জনকারী কল্লোল সংঘকে ট্রফি প্রদান করা হয়।

উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি ও ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির চেয়ারম্যান জনাব মোঃ ইমরুল হাসান। এছাড়াও উপস্থিত ছিলেন বাফুফে সদস্য জনাব টিপু সুলতান, জনাব আমের খান ও জনাব মহিদুর রহমান মিরাজ। আরও উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সিরাজুল ইসলাম ও তৃতীয় বিভাগ ফুটবল লীগ উপ-কমিটির সদস্য সচিব জনাব জাকির হোসেন।

খালিদ মাহমুদ নওমী
এক্সিকিউটিভ-মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।